# ২.১ পাইথনের ইতিহাস

- **পাইথন কী?**
  পাইথন একটি হাই লেভেল, অবজেক্ট অরিয়েন্টেড,জেনারেল পারপাস, ইন্টারপ্রিটেড, ইন্টারঅ্যাক্টিভ, সহজবোধ্য উদ্দেশ্যকেন্দ্রিক ও উচ্চমানের প্রোগ্রমিং ল্যাংগুয়েজ।
- **পাইথনের জনক কে?**
  পাইথনের জনক হলো নেদারল্যান্ডের সিডব্লিউআই'র গবেষক Guido Van Rossum.
- **পাইথন কবে প্রথম রিলিজ হয়?**
  ১৯৮৯ সালের ডিসেম্বর মাসে বড়দিনের ছুটিতে পাইথন তৈরি করা শুরু হয় এবং ১৯৯১ সালে এটি প্রথম পাবলিশ করা হয়।
- **পাইথনের মোট ভার্সন কয়টি ও কী কী?**
  পাইথনের দুটি ভার্সন রয়েছে, যথা- পাইথন 2.x এবং পাইথন 3.x
- **পাইথন ব্যবহার করে এমন কয়েকটি বিশ্বখ্যাত কোম্পানির নাম লেখ?**
  পাইথন ব্যবহার করে এমন কয়েকটি বিশ্বখ্যাত কোম্পানির নাম হলোঃ গুগল, নাসা, ইউটিউব, ড্রপবক্স, ফেসবুক, মজিলা ইত্যাদি।
- **প্রোগ্রামিং ল্যাংগুয়েজ হিসেবে পাইথন নামকরণের কারণ কী?**
  নেদারল্যান্ডের সিডব্লিউআই'র গবেষক ও পাইথনের জনক Guido Van Rossum-এর খুব পছন্দের একটি ব্রিটিশ টিভি শো 'Monty Python Flying Circus' এর নামানুসারে পাইথনের নামকরণ করা হয়।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

## ২.১ পাইথনের ইতিহাস

### এক নজরে পাইথন ব্যাখ্যা কর?

| | |
|---|---|
| সর্বপ্রথম প্রকাশ | ২০-০২-১৯৯১ |
| প্যারাডাইম | মাল্টি প্যারাডাইম |
| জনক | গুইডো ভ্যান রোসাম |
| ডেভেলপার | পাইথন সফটওয়্যার ফাউন্ডেশন |
| অধুনা | ৩.৬.৩/০৩-১০-২০১৭ |
| টাইপিং ডিসিপ্লিন | কঠোর,চলমান ("ডাক টাইপিং") |
| প্রধান বাস্তবায়নসমূহ | সিপাইথন, জাইথন, আয়রন পাইথন, পাইপাই |
| যার দ্বারা প্রভাবিত | এবিসি, সি,হ্যাস্কেল, আইকন, লিস্প,মডুলা-৩, পার্লজাভা |
| বৈধপত্র | পাইথন সফটওয়্যার ফাউন্ডেশন লাইসেন্স |
| ওয়েবসাইট | http://www.python.org |



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

## ২.২ পাইথনের বিশিষ্ট

### ❑ল্যাংগুয়েজ হিসেবে পাইথন এত জনপ্রিয় কেন?

ল্যাংগুয়েজ হিসেবে পাইথন জনপ্রিয় হবার কারণগুলো নিম্নরুপঃ

- ►পাথইন একটি সহজবোধ্য প্রোগ্রামিং ল্যাংগুয়েজ,
- ►পাইথনে কোডিং করা খুব সহজ,
- ►এর কোডিং সি বা জাভার চেয়ে তুলনামূলক অনেক ছোট হয়,
- ►পাথনকে বিনামূল্যে ডাউনলোড করা যায় ও সহজে ইন্সট্রল করা যায়,
- ►পাইথনে লিস্ট, ডিকশনারি ও সেটের মতো চমৎকার সব ডাটা স্ট্রাকচার রয়েছে,
- ►বিভিন্ন অপারেটিং সিস্টেম পাইথন ব্যবহার করা যায়,
- ►বিশাল ও কার্যকর স্ট্যান্ডার্ড লাইব্রেরি রয়েছে,
- ►শক্তিশালী অনলাইন কমিউনিটি,
- ►চমৎকার ওয়েভ ফ্রেমওয়ার্ক (জ্যাঙ্গো, ফ্লাক্স ইত্যাদি) বিদ্যমান,
- ►উইন্ডোজ ছাড়া মোটামুটি অন্য সব অপারেটিং সিস্টেমে যেমন- লিনাক্স ও ম্যাক অপারেটিং সিস্টেম পাইথন বিল্ট-ইন থাকে। অর্থাৎ আলাদাভাবে ইনস্টল করতে হয় না।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

# ২.২ পাইথনের বিশিষ্ট

- **পাইথনের উল্লেখ্যযোগ্য ব্যবহারিক ক্ষেত্রসমূহ উল্লেখ্য কর?**

পাইথনের উল্লেখ্যযোগ্য ব্যবহারিক ক্ষেত্রসমূহ হলোঃ

- ► ওয়েভভিত্তিক সফটওয়্যার তৈরিতে,
- ► অটোমেশন সফটওয়্যার নির্মাণ,
- ► বায়ো-ইনফরমেটিকস,
- ► মেশিন লার্নিং,
- ► তথ্য বিশ্লেষণ,
- ► ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রসেসিং,
- ► গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস তৈরিতে,
- ► ডাটাবেস অ্যাপ্লিকেশন,
- ► ডিস্ট্রিবিউটেড প্রোগ্রামিং,
- ► ইন্টারনেট স্ক্রিপ্টিং,
- ► সাইবার সিকিউরিটি,
- ► ইমিউনিটি সিকিউরিটি টুলস,
- ► কোর সিকিউরিটি টুলস,
- ► ওয়েব অ্যাপ্লিকেশন সিকিউরিটি স্ক্যানার ইত্যাদি।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

## ২.৩ পাইথন প্রোগ্রামের স্ট্রাকচার

- **পাইথন প্রোগ্রাম স্ট্রাকচারের উল্লেখযোগ্য অংশসমূহ কী কী?**

পাইথন প্রোগ্রাম স্ট্রাকচারের উল্লেখ্যযোগ্য অংশসমূহ হচ্ছে–

- ► ইমপোর্ট স্টেটমেন্টস,
- ► ফাংশন ও ক্লাস ডেফিনিশন,
- ► মডিউল স্কোপ ভেরিয়েবলস্‌,
- ► মেইন প্রোগ্রাম।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*